গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গেজেট অধিশাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

২৯ পৌষ ১৪২৩ বঃ

নম্বর- ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯- ৯২ তারিখ ১২ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ, আবেদনকৃত মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই, তালিকাভুক্ত দাবীদার মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই এবং তালিকাভুক্ত মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপে উপজেলা ও জেলা/মহানগর যাচাই-বাছাই কমিটি গঠন করা হলো:

০১। উপজেলা যাচাই বাছাই কমিটিঃ-

| | | | |
|---|---|---|---|
| ক) | চলতি সংসদের মাননীয় সংসদ সদস্য অথবা তাঁর মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য নিজে মুক্তিযোদ্ধা হলে তিনি কমিটির সভাপতি হবেন। তবে তাঁর মনোনীত প্রতিনিধি হলে তিনি কমিটির সদস্য হবেন)। | - | - |
| খ) | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| গ) | বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সম্মানিত সদস্য কর্তৃক মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| ঘ) | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| ঙ) | জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার অথবা তাঁর মনোনীত জেলাধীন একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| চ) | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার/উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের একজন প্রতিনিধি। | - | সদস্য |
| ছ) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা। | - | সদস্য-সচিব |

০২) জেলা/মহানগর যাচাই বাছাই কমিটিঃ-

| | | | |
|---|---|---|---|
| ক) | চলতি সংসদের মাননীয় সংসদ সদস্য অথবা তাঁর মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি<br>(মাননীয় সংসদ সদস্য নিজে মুক্তিযোদ্ধা হলে তিনি কমিটির সভাপতি হবেন। তবে তাঁর মনোনীত প্রতিনিধি হলে তিনি কমিটির সদস্য হবেন)। | - | - |
| খ) | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি | - | সদস্য |
| গ) | বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সম্মানিত সদস্য কর্তৃক মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| ঘ) | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি। | - | সদস্য |
| ঙ) | জেলা/মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার/তাঁর মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা মনোনীত প্রতিনিধি। | - | সদস্য |
| চ) | সংশ্লিষ্ট জেলা/মহানগর ইউনিট কমান্ডের ডেপুটি মুক্তিযোদ্ধা কমান্ডার (জ্যেষ্ঠতম)। | - | সদস্য |
| ছ) | সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। | - | সদস্য-সচিব |

তবে শর্ত থাকে যে, যাচাই-বাছাই এর আওতাধীন কোন মুক্তিযোদ্ধা/প্রতিনিধি যাচাই-বাছাই কমিটিতে অন্তর্ভূক্ত হতে পারবেন না। যাচাই-বাছাই কমিটির সভাপতি (মাননীয় সংসদ সদস্য ব্যতীত) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত হবেন।

৩) কমিটিসমূহের কার্যপরিধিঃ-

ক। কমিটি ইতঃপূর্বে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক প্রেরিত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য তথ্যাবলী 'মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬' অনুসরণ করে যাচাই-বাছাই সম্পন্ন করবে।

খ। কোন কারণে কোন কমিটির সভাপতি অনুপস্থিত থাকলে সমঝোতার মাধ্যমে কমিটির সদস্যদের মধ্য থেকে একজন সদস্য কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।

গ। কমিটির সদস্য সংখ্যার অধিকাংশের উপস্থিতিতে কমিটির কোরাম সম্পন্ন হয়েছে বিবেচনা করে কমিটি কার্য সম্পাদন করতে পারবে।

ঘ। কোনরুপ কারন দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন কমিটির আংশিক বাতিল বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

ঙ। যাচাই-বাছাই কমিটিকে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক ঘোষিত তারিখ ও স্থানে (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসের/জেলা প্রশাসকের কার্য্যালয়ে) যাচাই-বাছাই সম্পন্ন করতে হবে।

চ। কমিটিসমূহ 'মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬' অনুযায়ী যাচাই-বাছাই সম্পন্ন করে সাথে সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে প্রতিবেদন প্রেরণ করবে এবং সংশ্লিষ্ট উপজেলা নোটিশ বোর্ডে একটি কপি টাংগিয়ে দিবে।

৪) এতদ্বারা ইতঃপূর্বে গঠিত যাচাই-বাছাই সংক্রান্ত সকল কমিটি বাতিল করা হলো।

৫) জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

স্বা.

**( মোঃ মাহবুবুর রহমান ফারুকী )**
**উপসচিব**
**পরিচিতি নম্বরঃ ৬০৯৮**
**ফোনঃ ৯৫৬৬৫৭২**

বিতরণঃ
উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা(বর্ণিত তালিকার প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করতঃ ১০০ কপি গেজেট অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

২৯ পৌষ ১৪২৩ বঃ

নম্বর- ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯- ৯৩ তারিখ ১২ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.......................................................................
৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
৬। ব্যবস্থাপক, মুক্তিযুদ্ধ জাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। বিভাগীয় কমিশনার.............................................(সকল)।
৮। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জেলা প্রশাসক,.........................(সকল)।
১০। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব,..........................মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১। উপজেলা নির্বাহী অফিসার,................................, (সকল)।
১২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সভাপতি এর একান্ত সচিব(সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বহুল প্রচারের অনুরোধসহ)।

১২/০১/২০১৭

**( মোঃ মাহবুবুর রহমান ফারুকী )**
**উপসচিব**
**পরিচিতি নম্বরঃ ৬০৯৮**